

বাংলাদেশ

## উপাচার্যরা সমস্যা সমাধানের চেয়ে ‘ইনকাম জেনারেটে’ বেশি মনোযোগী: তানজীমউদ্দিন খান

নিজস্ব প্রতিবেদক ঢাকা

প্রকাশ: ১৯ জুলাই ২০২৫, ২৩: ১৩



মোহাম্মদ তানজীমউদ্দিন খান ছবি: সংগৃহীত

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) সদস্য অধ্যাপক মোহাম্মদ তানজীমউদ্দিন খান বলেছেন, বিশ্ববিদ্যালয়ের উপাচার্যরা বিদ্যমান সমস্যা সমাধানের চেয়ে ‘ইনকাম জেনারেটে (আয়ের উৎস তৈরির দিকে)’ বেশি মনোযোগী।

আজ শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে এক আলোচনা সভায় অধ্যাপক তানজীমউদ্দিন এ কথা বলেন। বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের সংগঠন বিশ্ববিদ্যালয় শিক্ষক নেটওয়ার্ক ‘সমাবেশ ও সম্মেলন’ শীর্ষক এ আলোচনা সভার আয়োজন করে। জুলাই অভ্যুত্থানের বর্ষপূর্তি উপলক্ষে এ কর্মসূচির আয়োজন করা হয়।

সভায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের এই অধ্যাপক বলেন, ‘৪৫ পাতা, ১০০ পাতার সিঁড়িধারী (জীবনবৃত্তান্ত) উপাচার্যরা বিশ্ববিদ্যালয়কে এগিয়ে নিয়ে যেতে কী করা উচিত, তা জানেন না।’ তিনি বলেন, বিগত সময়ের উপাচার্যদের মতোই জমি অধিগ্রহণ, অবকাঠামো নির্মাণ, বিভাগ বৃদ্ধি ও অনুষদ খোলার দিকেই তাঁদের মনোযোগটা অনেক বেশি। বিদ্যমান সমস্যাগুলো সমাধান না করে ‘নিজের পকেটে ইনকাম জেনারেট’ করে, সে কাজে বেশি মনোযোগী।

অধ্যাপক তানজীমউদ্দিন বলেন, বিশ্ববিদ্যালয়ের কোনো নিয়োগে ইউজিসি দুজনের অনুমোদন দিলে উপাচার্যরা পাঁচজন নিয়ে নেন। ইউজিসি তিনজনের অনুমোদন দিলে উপাচার্যরা নয়জন নিয়ে নেন। উপাচার্যদের সিঁড়ি পরিবর্তন হয়েছে, কিন্তু মন আগের সময়ের মতোই থেকে গেছে।

ইউজিসির এই সদস্য অভিযোগ করে বলেন, ইউজিসি শিক্ষা খাতের ‘মব’ (উচ্ছৃঙ্খল জনতার সংঘবদ্ধ আক্রমণ) দ্বারা আক্রান্ত হচ্ছে। এ জন্য উপাচার্যদের দায়ী করে তিনি বলেন, কোনো বিশ্ববিদ্যালয়ের চাহিদা পূরণ করতে না পারলে উপাচার্যরা গাড়ি ভর্তি করে ইউজিসিতে লোক পাঠান।

